

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 02-11-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সমগ্র জাতি আজ উন্নয়নের পাশাপাশি তার ঐতিহ্য সংরক্ষণ করে এগিয়ে চলেছে। কেন্দ্রীয় সরকারের প্রতিটি সিদ্ধান্ত এবং নীতিতে এই চেতনা প্রতিফলিত হয়। গতকাল ছত্তিসগড়ের নভা রায়পুরে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে একথা বলেন।

তিনি বলেন, অপারেশন সিঁদুর দেখিয়ে দিয়েছে সন্ত্রাসবাদকে কিভাবে নির্মূল করতে হয়। ভারত এখন নকশালবাদ এবং মাওবাদী সন্ত্রাসবাদকেও নির্মূল করার দিকে এগিয়ে যাচ্ছে।

**##### PM Byte-1 #####**

প্রধানমন্ত্রী আরও বলেন, 'সবকা সাথ, সবকা বিকাশ'-এর চেতনায় পরিচালিত শাসনের লক্ষ্য হল, যেখানে কেউ দরিদ্র নয়, কেউ অসুখী নয়, যেখানে ভারত দারিদ্র্যমুক্ত হয়ে বিকশিত ভারতের লক্ষ্য পূরনে এগিয়ে যাবে।

প্রধানমন্ত্রী গতকাল ছত্তিশগড় বিধানসভার নতুন ভবন উদ্বোধন করেন। তিনি প্রাক্তন প্রধানমন্ত্রী এবং ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর মূর্তিও উন্মোচন করেন। তিনি নভা রায়পুরে শহীদ বীর নারায়ণ সিং স্মৃতিসৌধ এবং জনজাতি স্বাধীনতা সংগ্রামীদের জাদুঘরও উদ্বোধন এবং পরিদর্শন করেন।

\*\*\*\*\*

## ABDM-Package Story:

সারা দেশে স্বাস্থ্য সংক্রান্ত ডিজিট্যাল বাস্তব্যবস্থা তৈরির লক্ষ্যে অনবদ্য সক্রিয়তার নজির স্থাপন করেছে আয়ুস্মান ভারত ডিজিট্যাল মিশন বা সংক্ষেপে এ বি ডি এম। এরমাধ্যমে স্বাস্থ্য সুবিধা, স্বাস্থ্য সেবার পেশাদারদের খুটিনাটি বিষয় সংক্রান্ত তথ্য যোগ করার মত সাধারণ স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের মান সমৃদ্ধ করে সার্বিক স্বাস্থ্য সেবার পরিচালন ব্যবস্থাকে বর্তমান এবং ভবিষ্যতের জন্য কার্যকর করে তোলার প্রয়াস চালানো হচ্ছে। এই অভিযাত্রায় রাজ্যেও ব্যাপক অগ্রগতি হয়েছে।

\*\*\*\*\*

## WAVES Bazaar:

হায়দ্রাবাদে চলমান ইন্ডিয়া-জয় ২০২৫ কনক্লেভে, গতকাল ওয়েভস বাজারের উদ্বোধন করেন তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ওয়েভস বাজার মিডিয়া এবং বিনোদন শিল্পের সমগ্র স্তরকে উপকৃত করবে। তিনি এটিকে 'ক্রাফট টু কমার্স' রূপান্তর এবং বিক্রেতা এবং ক্রেতাদের এক প্ল্যাটফর্মে নিয়ে আসার রূপ হিসেবে বর্ণনা করেন। তিনি আশা করেন, ওটিটি ক্রেতারাও ওয়েভস বাজার প্ল্যাটফর্মে আসবেন এবং সকল ভাষায় উপযুক্ত বাজার খুঁজে পাবেন।

\*\*\*\*\*

## Swasth Nari Sashakt Parivar:

সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান" অভিযানের আওতায় ভারত তিনটি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড অর্জন করেছে। ১৭ সেপ্টেম্বর থেকে গত মাসের ২ তারিখের মধ্যে অনুষ্ঠিত এই অভিযানে যে রেকর্ড তৈরী হয়েছে, তা হল এক মাসে স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্মের জন্য সর্বোচ্চ সংখ্যক মানুষ রেজিস্ট্রেশন। যার সংখ্যা তিন কোটি ২১ লক্ষেরও বেশি। এক সপ্তাহে অনলাইনে স্তন ক্যান্সার স্ক্রিনিংয়ের জন্য সর্বাধিক সংখ্যক মানুষের সাইন আপ করার রেকর্ডও অর্জিত হয়েছে। নয় লক্ষ চুরানবই হাজারেরও বেশি মহিলা স্ক্রিনিংয়ের জন্য সাইন আপ করেছে। রাজ্য পর্যায়ে এক সপ্তাহে অনলাইনে গুরুত্বপূর্ণ লক্ষণ স্ক্রিনিংয়ের জন্য রেকর্ড সংখ্যক এক লক্ষ পঁচিশ হাজার মানুষ সাইন আপ করেছে।

\*\*\*\*\*

### **Sports Meet-Unakoti:**

→মাই ভারত" এর উদ্যোগে ও পুষ্পরাজ ক্লাবের ব্যবস্থাপনায় গতকাল থেকে কৈলাশহরে শুরু হয়েছে দু'দিনের গৌরনগর ব্লক ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা।

সুস্থ রাষ্ট্র, সমৃদ্ধ রাষ্ট্র এই ভাবনায় কৈলাশহরের টিলাগাঁও তহশীল মাঠে আয়োজিত এই কর্মসূচিতে বক্তব্য রাখেন, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন লক্ষ্মী নমঃ, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি প্রমুখ।

\*\*\*\*\*

### **Book Festival :**

বাম যুব সংগঠন ডিওয়াইএফআই এর ৪৬ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল থেকে ছাত্র যুব ভবনে শুরু হয়েছে তিনদিনব্যাপী বই উৎসব। সূচনা করেন অধ্যাপিকা আল্পনা সেনগুপ্ত। উপস্থিত ছিলেন ডিওয়াইএফআই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক নবারুন দেব প্রমুখ।

\*\*\*\*\*

### **State meet:**

উদয়পুরের স্পোর্টস কমপ্লেক্সে গতকাল থেকে তিনদিনব্যাপি রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়ার আসর শুরু হয়েছে। উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা গতকাল থেকে শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টেসে জিতে রাজ্যদল প্রথমে বোলিং করার সিদ্ধান্ত নেয়। খেলতে নেমে সফরকারী বাংলা প্রথম ইনিংসে দিনের শেষে এক উইকেট হারিয়ে ১৭১ রান করে। আলোর অভাবে প্রথম দিনে ৬০ ওভার খেলা হয়। বাংলার সুদীপ ঘরামি ৭০ ও সাকির গান্ধী ৮২ রান করেন।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কোন কোন জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উনকোটী ও উত্তর জেলায় বজ্র-বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ৫.৯ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*